



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয় (৬ষ্ঠ তলা)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dpdt.gov.bd

স্মারক নং-৩৬.০৮.০০০০.০০১.১১.২২১.১৩. ১০৫০

তারিখ : ০৪-০৪-২০২৮ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়স্বাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট (পুরুষ প্রার্থী) হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(০১)	গাড়ীচালক	১ (এক) টি	৯৩০০-২২৪৯০/-	০১. স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে অষ্টম শ্রেণি পর্যন্ত অধ্যয়ন; ০২. হালকা ও ভারী যান-চালনার বৈধ লাইসেন্সধারী হতে হবে। ০৩. অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- ১। ৩০/০৪/২০১৮ খ্রিঃ পর্যন্ত বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য বয়স অনূর্ধ্ব ৩২ বৎসর।
- ২। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত অনুলিপি এবং সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবিসহ নিম্নস্বাক্ষরকারী বরাবরে নির্ধারিত ফরমে www.dpdt.gov.bd থেকে ডাউনলোড করে আবেদন করতে হবে। আবেদন আগামী ৩০/০৪/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে।
- ৩। বিভাগীয় প্রার্থীদের এবং অন্যান্য অবস্থায় চাকরিরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত পাওয়া না গেলে অথবা নির্ধারিত শর্তের সাথে সংগতিপূর্ণ না হলে দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ৫। বৈধ দরখাস্তকারীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে জানিয়ে দেয়া হবে।
- ৬। প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা ও ৫/- টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত ৯"×৪" সাইজের একটি খাম এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত থাকতে হবে।
- ৭। প্রার্থীকে আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয় এর অনুকূলে (তফসীলভুক্ত যে কোন ব্যাংক) হতে ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ০১-৩৯৩৪-০০০০-২০৩১ কোডে জমা প্রদান পূর্বক আবেদনপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে।
- ৮। প্রচলিত অপর সকল সরকারী নির্দেশ/বিধি-বিধানসমূহ নিয়োগের ব্যাপারে যথাযথভাবে প্রযোজ্য হবে।
- ৯। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১০। বিদ্যমান বিধি/নীতি মোতাবেক নির্দিষ্ট কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ১১। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ ওবায়দুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার

ও

আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি